

যুগান্তর

তারিখ... 10-08-2002
পৃষ্ঠা ২৬

খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অবাস্তিত ঘোষণা

যুগান্তর রিপোর্ট

অসদাচরণের অভিযোগে বিশ্ববিদ্যালয়-মঞ্জুরি কমিশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল কাদের উইয়াকে অবাস্তিত ঘোষণা করে তাকে অবিলম্বে কমিশনের ঋণকালীন সদস্যপদ থেকে অব্যাহতি প্রদানের দাবি জানিয়েছেন। এই দাবিতে গতকাল তারা কমিশন ভবনে বিক্ষোভ প্রদর্শন করেন এবং কমিশনের চেয়ারম্যান ড. এটিএম জহুরুল হকের কাছে স্মারকলিপি দেন।

কমিশনের চেয়ারম্যান গতকালই শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুককে সঙ্গে সাক্ষাৎ করে বিষয়টি তাকে জানিয়েছেন। এ ঘটনাকে কেন্দ্রে করে গতকাল কমিশনের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হয়।

কমিশনের একটি পরিদর্শন টিম সম্প্রতি খুলনা বিশ্ববিদ্যালয় থেকে ঘুরে এসে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তাদের সঙ্গে দুর্ব্যবহার করেছেন বলে কমিশন কর্তৃপক্ষের কাছে অভিযোগ করে। গতকাল সকালে 'তদন্ত উপকমিটি'র সভায় তিনি উপস্থিত হলে প্রথমেই এ বিষয়ে কথা ওঠে। সূত্র জানায়, এক পর্যায়ে তার সঙ্গে কমিশনের ভারপ্রাপ্ত সচিব মোহাম্মদ মোফাজ্জের কথা কাটাকাটি শুরু হয়। এই পরিস্থিতিতে কমিটির আহ্বায়ক কেএম মোহসিন সভা স্থগিত করেন। পরে কমিশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ একত্রিত হয়ে অসদাচরণের জন্য তাকে ক্ষমা চাওয়ার আহ্বান জানান। কিন্তু খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য চলে গেলে তারা ফুর্ত হয়ে ওঠেন। তারা আবদুল কাদেরের অব্যাহতি চেয়ে ও অবাস্তিত বলে নোংগান এবং কমিশনের চেয়ারম্যানের কাছে স্মারকলিপি দেন।